Government of Saskatchewan

Saskatchewan Organization for Heritage Languages Inc.

শিক্ষকের সহায়িকা

হেরিটেজ ভাষার ছাত্র/ছাত্রীর স্ব-মূল্যায়ন

ভূমিকা

সব ছাত্র-ছাত্রী শেখার ব্যাপারে এবং সে সংক্রান্ত নিজস্ব লক্ষ মাত্রা নির্ধারণের ব্যাপারে উৎসাহী হতে চায়। যে সব ছাত্র/ছাত্রী শেখার ব্যাপারে উদ্দেশ্য প্রণোদিত এবং তারা যদি অনুভব করে যে সেই শেখার প্রক্রিয়ার ব্যাপারে তাদের কিছুটা নিয়ন্ত্রণ আছে তাহলে তারা অধিকতর পরিশ্রম করে এবং তারা অধিকতরভাবে সার্থক হয়।

সে কারণে সাসকাচুয়ান অর্গানাইজেশন ফর হেরিটেজ ল্যাংগুয়েজ (SOHL) সাসকাচুয়ান শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় এই প্রদেশের হেরিটেজ ভাষার স্কুলগুলোতে ব্যবহারের জন্য একগুচ্ছ ছাত্র/ছাত্রী স্ব-মূল্যায়নের ফর্ম তৈরী করেছে।

এই সকল স্ব-মূল্যায়নের ফর্ম ব্যবহারের মাধ্যমে ছাত্র/ছাত্রীরা, শিক্ষকেরা এবং পরিবারের সদস্যরা ছাত্র/ছাত্রীদের ভাষার অগ্রগতি যা আগেই সাধিত হয়েছে এবং হেরিটেজ ভাষার ব্যাপারে তারা যে দক্ষতা সমূহ আয়ত্ব করেছে তা দেখতে পারবে। এই মূল্যায়ন সমূহ ছাত্র/ছাত্রীরা "কি পারেনা" তার বর্ণনা না করে "কি পারে" তার বর্ণনা করে।

স্ব-মূল্যায়ন

স্ব-মূল্যায়নের অনেক উপকারিতা আছে। স্ব-মূল্যায়ন ছাত্র-ছাত্রীদেরকে সাহায্য করে নিম্নোক্ত ভাবে:

- নিজেদের শেখার ব্যাপারটি ভাবতে শেখায়
- নিজেদেরকে শেখার ব্যাপারে দায়িত্বশীল করে তোলে
- শেখার ব্যাপারে নিজের লক্ষ্য মাত্রা স্হির করতে পারে
- শেখার ব্যাপারে নিজেকে অধিকতর উৎসাহী করে তোলে
- ভাষার যে দক্ষতা সমূহ সে আয়ত্ব করেছে তা অনুধাবন করতে পারে
- তাদের ভাষা শিক্ষার ব্যাপারে যে দুর্বলতাগুলো আছে তা তারা সনাক্ত করতে পারে

হেরিটেজ ভাষা মূল্যায়নের এই ফর্মগুলো হেরিটেজ ভাষার ব্যবহারিক দিকের উপর লক্ষ্য কেন্দ্রীভূত করে স্ব-মূল্যায়নের কাজটি অনেক সহজ করে দিয়েছে। "আমি পারি" বিবৃতিগুলো আসলে যে ভাবে নিত্যদিনের কাজে ভাষাকে ব্যবহার করা হয় সেই ভাবেই বর্ণনা করা হয়েছে।

ছাত্র-ছাত্রীরা তাদের স্ব-মূল্যায়নের কাজটি সবচেয়ে ভালভাবে করতে পারবে যখন তাদের শিক্ষক এ ব্যাপারে কিছু ব্যাখ্যা ও নির্দেশাবলী প্রদান করবেন। শিক্ষকের ভূমিকা ছাত্র-ছাত্রীর বয়সের উপর নির্ভর করবে। অল্প বয়সের ছেলে-মেয়েদের অনেক সাহায্যের দরকার হবে। তেরোত্তর বয়সের ছেলে-মেয়েদের অনেক কম সাহায্যের দরকার হবে। এই শিক্ষকের সহায়িকাটিতে হেরিটেজ ভাষার শিক্ষক বিভিন্ন বয়সের ছাত্র-ছাত্রীকে তাদের স্ব-মূল্যায়নে কীভাবে সাহায্য করবেন তার তথ্যাদি বর্ণনা করা হয়েছে।

ভাষার সাধারণ সূচকের অবকাঠামো – **CFR**

ছাত্র-ছাত্রীদের স্ব-মূল্যায়নের ভিত্তি হচ্ছে ভাষার সাধারণ সূচকের অবকাঠামো [*Common Framework of Reference for Languages* (CFR)], যা ভাষার একটি আন্তর্জাতিক মানদণ্ড। ভাষার সাধারণ সূচকের অবকাঠামোর উপরে আরও তথ্যের জন্য এই সহায়িকার শেষে পরিশিষ্ট দেখুন। ভাষার সাধারণ সূচকের অবকাঠামো সামঞ্জস্যপূর্ণ মান এবং পারিভাষিক শব্দ প্রদান করে যার সাহায্যে সকল শিক্ষার্থীকে একই নির্ণায়কবলীর দ্বারা মূল্যায়ন করা যায়। ইউরোপিয়ান ভাষাগুলোর শিক্ষাদান, শেখা এবং মূল্যায়নের মধ্যে সামঞ্জস্য আনার জন্য প্রথম এই ভাষার সাধারণ সূচকের অবকাঠামো তৈরী করা হয়। এখন এই অবকাঠামোটিকে ৩০টিরও বেশী ভাষায় অনুবাদ করা হয়েছে, যার মধ্যে অনেক অ-ইউরোপিয়ান ভাষাও আছে। ভাষার সাধারণ সূচকের অবকাঠামোটি এখন সারা বিশ্বে ব্যাপকভাবে ব্যবহার করা

ভাষার সাধারণ সূচকের অবকাঠামোটি কোন নির্দিষ্ট ভাষার সাথে সংশ্লিষ্ট নয়। "আমি পারি" বিবৃতিগুলো কাজ, আচরণ এবং দক্ষতার বর্ণনা দেয় যা সব ভাষার বেলায়ই প্রযোজ্য। যেমন প্রত্যেক ভাষাতেই ছাত্র-ছাত্রীরা "স্পষ্টভাবে ব্যাখ্যা করতে পারে কোনকিছু কীভাবে ঘটে (কীভাবে পানি ফুটাতে হয়) বা কোনকিছু ব্যবহার করা হয়", "ক্লাশে পড়া বা শোনা কোন গল্প বলতে পারা", "সাহায্য নিয়ে সাধারণ বাক্য লিখতে পারা" এবং "তাৎক্ষণিকভাবে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারা"। ভাষার সাধারণ সূচকের অবকাঠামো বর্ণনা করে একজন ছাত্র/ছাত্রী কি পারে। এই অবকাঠামো ছাত্র-ছাত্রীদের এবং তাদের পরিবারকে ছাত্র-ছাত্রীরা যে অগ্রগতি করেছে এবং যে সকল দক্ষতা আয়ত্ব করেছে তা অনুধাবন করতে সাহায্য করে।

বহুভাষাবাদ - ভাষার সাধারণ সূচকের অবকাঠামোতে এটি স্বীকৃত যে ভাষার শিক্ষার্থীরা বহুভাষী হয়। দ্বিতীয় বা তৃতীয় ভাষার শিক্ষার্থীরা তাদের প্রথম ভাষার যোগ্যতা হারিয়ে ফেলে না, এবং নূতন ভাষাকে তারা পুরাতন ভাষা থেকে সম্পূর্ণ আলাদা করেও রাখতে পারে না। বহুভাষাবাদের অর্থ হচ্ছে প্রত্যেক ভাষা অন্য ভাষাকে উর্বর করে এবং তা বিভিন্ন সংস্কৃতির মধ্যে পারস্পারিক সচেতনতা, দক্ষতা ও জ্ঞানের লেনদেন বৃদ্ধিতে সাহায্য করে।

হেরিটেজ ভাষার স্ব-মূল্যায়ন ফর্মে ভাষার দক্ষতা এবং ভাষার স্তর

ভাষার দক্ষতা সমূহ – ভাষার সূচকের সাধারণ অবকাঠামো (*Common Framework of Reference for Languages*) ভাষার শিক্ষাদান, শেখা এবং মূল্যায়নকে পাঁচটি দক্ষতায় সংগঠিত করেছে: শোনা, কথকোপথন, বলা, পড়া এবং লিখা। স্ব-মূল্যায়নের ফর্মও এই পাঁচটি দক্ষতায় সংগঠিত। প্রতিটি দক্ষতার পরিচায়ক চিহ্ন চার্ট ১ এ দেখানো হয়েছে।

চার্ট# ১: স্ব-মূল্যায়ন ফর্মে দক্ষতা সমূহ				
শোনা	কথকোপথন	বলা	পড়া	লিখা

ভাষার স্তর – ভাষার সূচকের সাধারণ অবকাঠামোটিকে ভাষার বিভিন্ন স্তরে ভাগ করে সাজানো হয়েছে। SOHL এর ছাত্র/ছাত্রীদের স্ব-মূল্যায়নের ফর্মগুলো এই স্তরগুলোর প্রথম সাতটি স্তরকে ঘিরে সাজানো হয়েছে। ভাষার স্তরের জন্য নীচে চার্ট ২ দেখুন।

চার্ট# ২: স্ব-মূল্যায়ন ফর্মে ভাষার স্তর সমূহ			
প্রাক-ক১	ক১ (*ক১.১ + ক১.২*)	ক২ (*ক২.১ + ক২.২*)	খ১ (*খ১.১ + খ১.২*)
প্রাক-বুনিয়াদি	বুনিয়াদি	উচ্চতর বুনিয়াদি	স্বাবলম্বী

হেরিটেজ ভাষা ছাত্র/ছাত্রীর স্ব-মূল্যায়নের ফর্ম সমূহ

SOHL হেরিটেজ ভাষার ছাত্র/ছাত্রীদের নিজেদের শিক্ষার স্ব-মূল্যায়নের জন্য ১০টি ফর্ম তৈরী করেছে। এই ফর্মগুলো হচ্ছে:

প্রারম্ভিক বছরগুলো (প্রাক্-স্কুল, প্রাক্-কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন)

- পাতা #১ – প্রাক ক১.১ এবং ক১.১

প্রাথমিক বছরগুলো (গ্রেড ১-৫)

- পাতা ক১ – ক১.১ এবং ক১.২
- পাতা ক২ - ক২.১ এবং ক২.২
- পাতা খ১ – খ১.১ এবং খ১.২

মধ্যস্হ বছরগুলো (গ্রেড ৬-৯)

- পাতা ক১ – ক১.১ এবং ক১.২
- পাতা ক২ - ক২.১ এবং ক২.২
- পাতা খ১ – খ১.১ এবং খ১.২

মাধ্যমিক/প্রাপ্তবয়স্ক (গ্রেড ১০-১২ এবং প্রাপ্তবয়স্ক)

- পাতা ক১ – ক১.১ এবং ক১.২
- পাতা ক২ - ক২.১ এবং ক২.২
- পাতা খ১ – খ১.১ এবং খ১.২

প্রত্যেক ছাত্র/ছাত্রীর জন্য সঠিক ফর্মটি বেছে নেয়া – স্ব-মূল্যায়নের জন্য ১০টি ফর্ম আছে। প্রথম কাজটি হচ্ছে প্রত্যেক ছাত্র/ছাত্রীর জন্য তার উপযুক্ত ফর্মটি বেছে নেয়া।

ছাত্র/ছাত্রীর স্কুল গ্রেড এবং তার হেরিটেজ ভাষার বর্তমান দক্ষতা নির্ধারণ করবে তার জন্য মূল্যায়নের কোন ফর্মটি ব্যবহার করা হবে। উদাহরণ স্বরূপ, যদি কোন ছাত্র/ছাত্রী তার স্কুলে গ্রেড ৩ এ যায় তাহলে: পদক্ষেপ ১: প্রাথমিক বছরগুলোর জন্য নির্ধারিত ফর্মগুলো থেকে একটি ফর্ম বেছে নিন। পদক্ষেপ ২: যদি সেই ছাত্র/ছাত্রী হেরিটেজ ভাষা কেবল শেখা শুরু করতে যাচ্ছে, তাহলে ফর্ম ক১.১ দিয়ে শুরু করুন। পদক্ষেপ ৩: যদি সেই ছাত্র/ছাত্রীর হেরিটেজ ভাষা শেখার কিছু অভিজ্ঞতা থাকে, তাহলে ফর্ম ক১.২ বা তার পরের স্তরের কোন ফর্ম দিয়ে শুরু করুন। পদক্ষেপ ৪: সময়ের সাথে সাথে ছাত্র/ছাত্রীর হেরিটেজ ভাষার দক্ষতা বাড়তে থাকলে একই গুচ্ছের পরবর্তি স্তরের ফর্মে চলে যান।

উপরের উদাহরণটি একজন গ্রেড ৩ (প্রাথমিক) ছাত্র/ছাত্রীর জন্য।

- প্রাক্-স্কুল, প্রাক্-কিন্ডারগার্টেন বা কিন্ডারগার্টেন এর ছাত্র/ছাত্রীর জন্য প্রারম্ভিক বছরগুলোর ফর্ম ব্যবহার করুন।
- গ্রেড ১-৫ এর ছাত্র/ছাত্রীর জন্য প্রাথমিক বছরগুলোর জন্য নির্ধারিত ফর্মগুলো থেকে একটি বেছে নিন।
- গ্রেড ৬-৯ এর ছাত্র/ছাত্রীর জন্য মধ্যস্হ বছরগুলোর জন্য নির্ধারিত ফর্মগুলো থেকে একটি বেছে নিন।
- গ্রেড ১০-১২ এবং তার উর্ধে ছাত্র-ছাত্রীদের জন্য মাধ্যমিক/প্রাপ্তবয়স্কদের জন্য নির্ধারিত ফর্মগুলো থেকে একটি বেছে নিন।

লক্ষ করুন যে মধ্যস্হ বছরগুলোর এবং মাধ্যমিক/প্রাপ্তবয়স্কদের মূল্যায়নের ধরণ একই রকম। এর কারণ হচ্ছে উপরের বয়সের শিক্ষার্থীদের ভাষার দক্ষতা একই ভাবে বিকশিত হ্য়।

স্ব-মূল্যায়নের ফর্ম পূরণ করা

SOHL এর স্ব-মূল্যায়নের ফর্মগুলো একইভাবে সাজানো হয়েছে। ফর্মের শুরু হচ্ছে পরিচায়ক তথ্যাদি দিয়ে এবং তারপর আছে একগুচ্ছ "আমি পারি" বিবৃতি।

ছাত্র/ছাত্রীর পরিচয়- প্রত্যেক ফর্মের শুরুতে নিম্নোক্ত তথ্যাদির জন্য যায়গা বরাদ্দ আছে:

- ছাত্র/ছাত্রীর নাম
- বর্তমান স্কুল বছরে ছাত্র/ছাত্রীর গ্রেড
- ছাত্র/ছাত্রী যে হেরিটেজ ভাষা স্কুলে যায়
- ছাত্র/ছাত্রী যে হেরিটেজ ভাষা শিখছে
- ছাত্র/ছাত্রী যে পাবলিক বা পৃথক স্কুলে যায়
- ছাত্র/ছাত্রীর স্কুল যে এলাকায় অবস্হিত
- শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত ছাত্র/ছাত্রীর নাম্বার

ফর্মের উপরের অংশটি নীচের মত:

আমার নাম ____________________ । ২০____ থেকে ২০____ শিক্ষা বছরে আমি ____ গ্রেডে পড়ি।

This is my Ministry of Education Student Number.

আমি ______________________________ যাই ____________________ ভাষা শেখার জন্য।
(হেরিটেজ ভাষা স্কুলের নাম)

আমি ______________________________ যাই যা সাসকাচুয়ানের __________ অবস্হিত।
(পাবলিক/পৃথক স্কুলের নাম)

শিক্ষকের অদ্যাক্ষর	তারিখ

ফর্মের উপরের অংশ পূরণ করা – ছাত্র-ছাত্রীরা তাদের স্ব-মূল্যায়ন ফর্মের উপরের অংশ ক্লাশের সবাই মিলে একসঙ্গে পূরণ করতে পারে। এভাবে করলে সব তথ্য দেয়া হয়েছে কী না তা নিশ্চিত করা যাবে। যদি ছাত্র-ছাত্রীরা অল্প বয়সের হয় তাহলে তারা তাদের অভিভাবকের সাহায্য নিতে পারবে।

শিক্ষা মন্ত্রণালয়ের ছাত্র/ছাত্রী নাম্বার - সাসকাচুয়ানে প্রাক্-কিন্ডারগার্টেন থেকে শুরু করে গ্রেড-১২ পর্যন্ত সকল ছাত্র/ছাত্রীর ছাত্র/ছাত্রী নাম্বার আছে।অভিভাবক বা বয়স্ক ছাত্র/ছাত্রীরা স্কুলের প্রিন্সিপাল বা সেক্রেটারির কাছ থেকে এই নাম্বারটি পেতে পারে। এই নাম্বারটি স্ব-মূল্যায়ন ফর্মের এই বাক্সে লিখতে হবে।

শিক্ষকের অদ্যাক্ষর এবং তারিখ – ছাত্র-ছাত্রীরা এই অংশটি খালি রাখবে। প্রত্যেক স্ব-মূল্যায়ন শেষ হওয়ার পর শিক্ষক এই অংশগুলো পূরণ করবেন।

স্ব-মূল্যায়ন – পরিচিতির অংশের পর এক গুচ্ছ “আমি পারি” বিবৃতি আছে। এই বিবৃতিগুলো ভাষার সূচকের সাধারণ অবকাঠামোর পাঁচটি দক্ষতায় সাজানো হয়েছে; শোনা, কথকোপথন, বলা, পড়া এবং লিখা। ছাত্র-ছাত্রীদের জিজ্ঞাসা করা হচ্ছে যে তারা প্রত্যেকটি দক্ষতা করে দেখাতে পারে কী না “অনেক সাহায্য নিয়ে”, “অল্প সাহায্য নিয়ে” বা “সাহায্য ছাড়া”।

চার্ট#৩: হেরিটেজ ভাষা ছাত্র/ছাত্রীদের স্ব-মূল্যায়নে “আমি পারি” বিবৃতি সমূহ

পড়া - ক২.১	অনেক সাহায্য নিয়ে	অল্প সাহায্য নিয়ে	কোন সাহায্য ছাড়া	তারিখ
আমি স্পষ্ট এক সেট কার্যবিধি (কোন রান্নার পদ্ধতি) অনুসরণ করতে পারি বিশেষতঃ যদি তাতে নকশা থাকে				
পরিচিত বিষয়ের উপরে হলে আমি ম্যাগাজিনের (ছাপানো বা ইলেকট্রনিক)মূল ভাবনাটি বের করতে পারি				
আমি ভালভাবে সাজানো কোন ছোট গল্পের বেশীর ভাগটাই বুঝতে পারি এবং গল্পের মূল চরিত্রগুলো সনাক্ত করতে পারি				
আমি পরিচিত প্রসঙ্গের উপরে ছোট সহজ লেখা বুঝতে পারি যখন তাতে আমার জানা অনেক শব্দ থাকে				
			/৪	

বলা - ক২.২	অনেক সাহায্য নিয়ে	অল্প সাহায্য নিয়ে	কোন সাহায্য ছাড়া	তারিখ
আমি ইতস্ততঃ না করে সংখ্যা, তারিখ বা সাল সম্পর্কে কথা বলতে পারি এবং সাধারণ অংক প্রক্রিয়া বর্ণনা করতে পারি				
আমি কোন বই, গান, স্হান বা অনুষ্ঠানের কি পছন্দ এবং কি অপছন্দ তা বলতে পারি আমার মতামতের কারণ জানিয়ে				
আমি কোন ছোট গল্প শুনে তার সারমর্ম এবং ঘটনাগুলির কোনটি আগে ঘটেছিল আর কোনটি পরে ঘটেছিল তা বলতে পারি				
আমি সাধারণ ভাষা ব্যবহার করে পরিচিত স্হান এবং ঐতিহাসিক ব্যক্তিত্ব বা ঘটনার উপরে বলতে পারি				
			/৪	

প্রত্যেক ছাত্র/ছাত্রী নিজেই নিজের মূল্যায়ন করবে এবং যথার্থ ছকে টিক চিহ্ন বসাবে। শিক্ষক বা ছাত্র/ছাত্রী প্রতিটি দক্ষতার ডান পাশের ছকে যে তারিখে তার মূল্যায়ন হয়েছে সেই তারিখটি লিখবে।

চার্ট#৪ এর উদাহরণে একজন ছাত্র/ছাত্রী তার দক্ষতা "আমি বুঝতে পারি আমার নাম ধরে ডাকলে এবং আমাকে অভিবাদন ও শুভবিদায় বল্‌লে" এর স্ব-মূল্যায়ন করেছে।

- প্রথম স্ব-মূল্যায়ন হয়েছিল নভেম্বর ৪, ২০১৪ তারিখে। নভেম্বর ৪, ২০১৪ তারিখে ছাত্র/ছাত্রী দক্ষতাটি সম্পন্ন করতে পেরেছিল "অল্প সাহায্য নিয়ে"
- দ্বিতীয় স্ব-মূল্যায়ন হয়েছিল মে ১০, ২০১৫ তারিখে। মে ১০, ২০১৫ তারিখে ছাত্র/ছাত্রী দক্ষতাটি সম্পন্ন করতে পেরেছিল "কোন সাহায্য ছাড়া"

চার্ট#৪: একটি পূরণ করা স্ব-মূল্যায়ন ফর্মের উদাহরণ

প্রাথমিক ক১.১ **(দুইটি মূল্যায়নের তারিখ – নভেম্বর/মে)**

শোনা - ক১.১	অনেক সাহায্য নিয়ে	অল্প সাহায্য নিয়ে	কোন সাহায্য ছাড়া	তারিখ
আমি বুঝতে পারি আমার নাম ধরে ডাকলে এবং আমাকে অভিবাদন ও শুভবিদায় বল্‌লে		✓		নভেম্বর ৪, ২০১৪
			✓	মে ১০, ২০১৫
আমি বুঝতে পারি আমার আশেপাশের ব্যক্তিদের ও জিনিস সমূহের নাম (শিক্ষক, বই, চেয়ার, জুতা)				
আমি আমার সম্বন্ধে সাধারণ প্রশ্ন সমূহ বুঝতে পারি, যেমন "তোমার বয়স কত?"				
আমি সাধারণ নির্দেশাবলী সমূহ বুঝতে পারি, যেমন "তোমার বই বন্ধ কর," "তোমার কোট পর,"				
আমি সাধারণ রং দেখিয়ে দিয়ে তার নাম বলতে পারি				
			/4	

স্ব-মূল্যায়নের পৌনঃপুন্যতা – সুপারিশ করা হচ্ছে যে স্কুলবর্ষ চলাকালীন কমপক্ষে একবার এবং স্কুলবর্ষের শেষে আরেকবার ছাত্র/ছাত্রীরা তাদের স্ব-মূল্যায়ন ফর্ম পূরণ করবে।

অল্প বয়েসী ছাত্র-ছাত্রীদের ব্যাপারে - শিক্ষকেরা ছোট ছাত্র/ছাত্রীদেরকে তাদের স্ব-মূল্যায়ন পূরণের ব্যাপারে সাহায্য করতে পারেন। এককে বারে শুধু একটি বা দুটি "আমি পারি" বিবৃতির উপর নজর দিন। যেমন কোন ছাত্র/ছাত্রীকে কোন কিছুর ছবি দেখিয়ে তার নাম বলতে বলুন, একটি গান গাইতে বলুন বা তার নাম লিখতে বলুন। তখন ছাত্র/ছাত্রী তাদের স্ব-মূল্যায়ন ফর্মের যথাযথ ছকে টিক চিহ্ন দেবে তা সে সেই কাজটি সম্পন্ন করতে পারল "অনেক সাহায্য নিয়ে", "অল্প সাহায্য নিয়ে" বা "কোন সাহায্য ছাড়া" তার উপর।

বয়স্ক ছাত্র-ছাত্রীদের ব্যাপারে - বয়স্ক ছাত্র/ছাত্রীরা তাদের স্ব-মূল্যায়ন ফর্ম এককভাবে, কোন সঙ্গী নিয়ে, ছোট ছোট দলে বিভক্ত হয়ে অথবা পুরো ক্লাশ মিলে পূরণ করতে পারবে। স্ব-মূল্যায়ন ফর্ম পূরণ করবার কিছু উপায় নীচে বর্ণনা করা হোল।

- পুরো ক্লাশ – ছাত্র-ছাত্রীদেরকে শব্দ করে "আমি পারি" বিবৃতিগুলো পড়তে বলুন। ছাত্র-ছাত্রীদেরকে যে দক্ষতার বর্ণনা দেয়া হোল তার জন্য নির্দিষ্ট ছকে টিক চিহ্ন দিতে বলুন। প্রত্যেক দক্ষতা সম্পর্কিত উদাহরণগুলো ভেবে ঠিক করার জন্য ছাত্র-ছাত্রীদের একটু সময় লাগবে। শিক্ষক ভাষার ক্লাশে করা হয়েছে এরকম কাজ, প্রসঙ্গ বা প্রকল্পের কথা তার ছাত্র-ছাত্রীদের মনে করিয়ে দিয়ে সাহায্য করতে পারেন।
- ছোট ছোট দলে – ছাত্র-ছাত্রীরা শব্দ করে "আমি পারি" বিবৃতিগুলো একজন আরেকজনকে পড়ে শোনাতে পারে এবং সে সম্পর্কে তারা কী শিখেছে তা নিয়ে ভাবতে পারে। তারা একজন আরেকজনকে তার "আমি পারি" বিষয়ক দক্ষতা করে

দেখাতে পারে।

- এককভাবে – কোন ছাত্র/ছাত্রী একাই ক্লাশ চলাকালীন বা বাড়ীর কাজের সময় তার ফর্মটি পূরণ করতে পারে। শিক্ষক বা অভিভাবক তাদেরকে প্রত্যেক "আমি পারি" দক্ষতাটি করে দেখানোর জন্য বলতে পারেন। ছাত্র/ছাত্রী পূরণ করা ফর্মটি তার শিক্ষককে দেখাবে। শিক্ষক কোন দক্ষতার ব্যাপারে ছাত্র/ছাত্রীর নিজস্ব মূল্যায়নের সংগে একমত না হলে ছাত্র/ছাত্রীকে তা ব্যাখ্যা করতে এবং সেই দক্ষতাটি করে দেখাতে বলতে পারেন।

শিক্ষকের অদ্যাক্ষর এবং তারিখ – প্রতিটি স্ব-মূল্যায়ন ফর্মের উপর দিকে ডানে দুইবার করা যায় এরকম শিক্ষকের অদ্যাক্ষর এবং তারিখের জন্য ছক দেয়া আছে। ছাত্র/ছাত্রী এবং শিক্ষক উভয়ে পূরণ করা স্ব-মূল্যায়ন ফর্মটি পরিদর্শনের পর শিক্ষক ফর্মটি যে পরীক্ষা করে দেখেছেন এবং ছাত্রে/ছাত্রীর ভাষার দক্ষতার সৃব-মূল্যায়নের সংগে যে একমত হয়েছেন তারই নিদর্শন স্বরূপ শিক্ষক তার নামের অদ্যাক্ষর সমূহ এবং তারিখ নির্দিষ্ট ছকে লিখবেন।

শিক্ষকের অদ্যাক্ষর	তারিখ

নীচে চার্ট#৫ এ দেখানো হয়েছে যে ছাত্র/ছাত্রী তার প্রথম স্ব-মূল্যায়নটি করেছে নভেম্বর ২০, ২০১৪ তারিখে এবং শিক্ষক তার অদ্যাক্ষর সমূহ এবং তারিখ প্রথম সারির ছকে লিখেছেন।

ছাত্র/ছাত্রী তার দ্বিতীয় স্ব-মূল্যায়নটি করেছে মে ১০, ২০১৫ তারিখে এবং শিক্ষক তার অদ্যাক্ষর সমূহ এবং তারিখ দ্বিতীয় সারির ছকে লিখেছেন।

কোন দক্ষতার ব্যাপারে ছাত্র/ছাত্রীর কতটুকু সাহায্য প্রয়োজন হয়েছে তা শিক্ষক এবং ছাত্র/ছাত্রী মিলে আলোচনা করে এবং এ সংক্রান্ত কোন মতপার্থক্য থাকলে তা নিরসন করে তারপর শিক্ষক ফর্মে তার নামের অদ্যাক্ষর সমূহ এবং তারিখ লিখবেন।

চার্ট#৫: শিক্ষকের অদ্যাক্ষর এবং তারিখ

গ.ব.	নভেম্বর ২০, ২০১৪
গ.ব.	মে ১০, ২০১৫
শিক্ষকের অদ্যাক্ষর	তারিখ

প্রত্যেক ছাত্র/ছাত্রীর ভাষার স্তর নির্ধারণ করা

স্ব-মূল্যায়ন ফর্মে ভাষার পাঁচটি দক্ষতার (শোনা, কথকোপথন, বলা, পড়া এবং লিখা) প্রত্যেকটির জন্য আলাদা আলাদা যায়গা নির্ধারিত আছে। কোন ছাত্র/ছাত্রীর পারদর্শিতা একেক দক্ষতায় একেক রকম হতে পারে। যেমন কোন ছাত্র/ছাত্রী শোনা এবং কথকোপথনে ভাল হতে পারে অথচ অন্য দক্ষতাগুলোতে তার সাহায্য দরকার হতে পারে।

বছরের শেষে প্রত্যেক ছাত্র/ছাত্রীর ভাষার একক স্তর নির্ধারণ করা হবে। কোন ছাত্র/ছাত্রীর স্তর হবে সেই স্তরে যে স্তরে সে কোন সাহায্য ছাড়া অর্ধেকের বেশী "আমি পারি" দক্ষতাগুলো সম্পন্ন করতে পারে।

উদাহরণ#১: উদাহরণ#১ এ একজন ছাত্র/ছাত্রী ক১.২ স্তরের ১৮টি "আমি পারি" বিবৃতির মধ্যে ১০টি সাহায্য ছাড়া সম্পন্ন করতে পারে। এটি ঐ স্তরের অর্ধেকের বেশী বিধায় এই ছাত্র/ছাত্রীর সার্বিক স্তর হচ্ছে ক১.২ ।

ক১.২ শোনা ৩/৪	ক১.২ কথকোপথন ৩/৪	ক১.২ বলা ২/৪	ক১.২ পড়া ১/৩	ক১.২ লিখা ১/৩	সার্বিক স্তর: ক১.২ ১০/১৮

উদাহরণ#২: উদাহরণ#২ এ একজন ছাত্র/ছাত্রী খ১.১ স্তরের ১৯টি "আমি পারি" বিবৃতির মধ্যে ৮টি সাহায্য ছাড়া সম্পন্ন করতে পারে। এটি ঐ স্তরের অর্ধেকেরও কম বিধায় এই ছাত্র/ছাত্রীর স্তর এখনও খ১.১ হয়নি। সেক্ষেত্রে এই ছাত্র/ছাত্রীর স্তর হচ্ছে খ১.১ এর নীচের স্তরটি অর্থাৎ ক২.২ ।

খ১.১ শোনা ৩/৪	খ১.১ কথকোপথন ২/৪	খ১.১ বলা ১/৪	খ১.১ পড়া ১/৩	খ১.১ লিখা ১/৪	সার্বিক স্তর: ক২.২ ৮/১৯

ভাষা শেখার অগ্রগতির জন্য স্ব-মূল্যায়ন ফর্মের ব্যবহার

ছাত্র-ছাত্রীর স্ব-মূল্যায়ন তাদের ভাষা শেখার উন্নতির জন্য ব্যবহার করা যেতে পারে। এর দ্বারা শিক্ষক তার শিক্ষাদানকে ছাত্র-ছাত্রীদের প্রয়োজন অনুযায়ী খাপ খাইয়ে নিতে পারবেন। কোন ছাত্র/ছাত্রী যদি "সাহায্য ছাড়া" কোন ভাষা দক্ষতা করে দেখাতে পারে তাহলে বুঝতে হবে যে দক্ষতাটি তার মধ্যে দৃঢ়ভাবে প্রোথিত হয়েছে।

উদাহরণ স্বরূপ যে ছাত্র/ছাত্রী সাহায্য ছাড়া "আমি সহজ বাক্য ব্যবহার করে বর্ণনা করতে পারি আমার পারিপার্শ্বিকতা, নিত্যদিনের কার্যাদি, পরিবার এবং বন্ধুদের সম্পর্কে" করতে পারে সে এই দক্ষতা আয়ত্ব করেছে। অবশ্য যদি কোন ছাত্র/ছাত্রীর এই দক্ষতাটির ব্যাপারে "অল্প সাহায্য" বা "অনেক সাহায্য" প্রয়োজন হয় তাহলে তাকে আরও চর্চা করতে হবে এই দক্ষতাটি আয়ত্ব করার জন্য। ভাষার দক্ষতা বৃদ্ধির জন্য কোন একজন ছাত্র/ছাত্রী অথবা পুরা ক্লাশের যে যায়গাগুলোতে চর্চা দরকার শুধু তার উপরেই অনুশীলনী তৈরী করা যাবে।

অভিভাবকদের জড়িত করা

অভিভাবক এবং পিতা-মাতারা সবসময়ই হেরিটেজ ভাষা স্কুলে তাদের ছেলেমেয়েদের অগ্রগতির ব্যাপারে আগ্রহী। ছাত্র/ছাত্রীরা প্রতি বছর দুটি স্ব-মূল্যায়ন পূরণ করবে: একটি বছরের মাঝখানে এবং আরেকটি বছরের শেষে।

- বর্ষ মাঝের মূল্যায়ন – এটা খুব ভাল হয় যদি এই স্ব-মূল্যায়নটি অভিভাবক-শিক্ষক সাক্ষাৎকারের সময় আলোচনা করা যায়। যদি তা সম্ভব না হয় তাহলে ছাত্র/ছাত্রী স্ব-মূল্যায়ন ফর্মটি তাদের অভিভাবকদেরকে দেখানোর জন্য বাড়ীতে নিয়ে যেতে পারবে। অভিভাবকদেরকে দেখানো হলে ফর্মটি হেরিটেজ ভাষা স্কুলে ফেরৎ নিয়ে আসতে হবে।
- বর্ষ অন্তের মূল্যায়ন – আবারও অভিভাবক এবং শিক্ষক মিলে এই ফর্মটি নিয়ে আলোচনা করলে ভাল হয়। তারপর ছাত্র/ছাত্রী ফর্মটি রেখে দেয়ার জন্য বাড়ী নিয়ে আসতে পারবে।

শিক্ষাবর্ষ চলাকালীন ছাত্র-ছাত্রীদের স্ব-মূল্যায়ন ফর্মগুলো তাদের ভাষা পত্রকোষে থাকবে। একটি ভাষা পত্রকোষে স্ব-মূল্যায়ন ফর্ম ছাড়াও থাকবে ভাষার উপর অনুশীলন, বাড়ীর কাজ বা অন্য কাজের নমুনা।

উৎস সমূহ

- ভাষার সাধারণ সূচকের ইউরোপিয়ান অবকাঠামোটি [The *Common European Framework of Reference for Languages (CEFR)*] হচ্ছে ছাত্র-ছাত্রীদের স্ব-মূল্যায়ন এবং তার সংশ্লিষ্ট শিক্ষকের সহায়িকার ভিত্তি। ভাষার সাধারণ সূচকের ইউরোপিয়ান অবকাঠামোটি সম্পূর্ণরূপে পড়ার জন্য পরিদর্শন করুন: www.coe.int/lang-CEFR
- সাধারণ ইউরোপিয়ান অবকাঠামোটির জন্য শিক্ষকের সহায়িকা পড়ার জন্য পরিদর্শন করুন: www.tuttolingue.net/pdf/CFRguide.pdf
- অতিরিক্ত ভাষা হিসেবে যারা ইংরেজি শিখছে তাদের সাধারণ সূচকের অবকাঠামো ব্যবহারের জন্য সাসকাচুয়ান শিক্ষা মন্ত্রণালয়ের সহায়িকা অবলম্বনে "আমি পারি" বিবৃতিগুলো তৈরী করা হয়েছে। আরও তথ্যের জন্য পরিদর্শন করুন: www.education.gov.sk.ca/guide-to-using-cfr-with-eal.
- প্রারম্ভিক বছরগুলোর স্ব-মূল্যায়নে "আমি পারি" বিবৃতিগুলো সাসকাচুয়ান কিন্ডারগার্টেন শিক্ষা কার্যক্রমের সহায়িকা অবলম্বনেও তৈরী করা হয়েছে। আরও তথ্যের জন্য পরিদর্শন করুন: www.curriculum.gov.sk.ca

পরিশিষ্ট

পটভূমিকা: ভাষার সাধারণ সূচকের অবকাঠামো
[Common Framework of Reference (CFR) for Languages]

নীচের তথ্যগুলো সাসকাচুয়ান শিক্ষা মন্ত্রণালয়ের দলিল *অতিরিক্ত ভাষা হিসেবে যারা ইংরেজি শিখছে তাদের সাধারণ সূচকের অবকাঠামো ব্যবহারের জন্য সহায়িকা, সেপ্টেম্বর ২০১৩* (A Guide to Using the Common Framework of Reference (CFR) with Learners of English as an Additional Language (EAL). September 2013.) এর সার সংক্ষেপ থেকে নেয়া হয়েছে।

ভাষার সাধারণ সূচকের অবকাঠামোটি কি

ভাষায় পারদর্শিতার কোন স্তরের সংজ্ঞা অস্পষ্ট এবং ব্যক্তি নির্ভর হতে পারে। যেমন কোন মূল্যায়নকারী যাকে "অগ্রগামি শুরু" স্তর বলবে আরেকজন মূল্যায়নকারী তাকে "মাঝামাঝি" স্তর বলতে পারে। এই অসামঞ্জস্য দূর করার জন্য ভাষার বর্ণনামূলক বিশেষ্য-এর একটি আন্তর্জাতিক পরিমাপক, *সাধারণ সূচকের অবকাঠামো* শিক্ষাদান, শেখা এবং মূল্যায়নের মধ্যে সামঞ্জস্যপূর্ণ রীতিনীতি প্রণয়ন করেছে।

এই অবকাঠামোটি হচ্ছে	এই অবকাঠামোটি নয় ....
• একটি ভাষা সম্পর্কিত সূচক। • শিক্ষক, ভাষা শিক্ষার্থী এবং অভিভাবকদের জন্য এটা কাজে লাগবে। • পর্যায়ক্রমিকভাবে ভাষায় অগ্রগতি প্রদর্শনের একটি উপায়। • অনুকূল এবং নিবদ্ধকারি। • সব বিষয়ে এবং গ্রেডে প্রযোয্য। • অন্তর্ভুক্তিমূলক এবং সহজে ব্যবহার করা যায়।	• অতিরিক্ত ভাষা হিসেবে ইংরেজি শেখার শিক্ষা কার্যক্রম। • একটি অনমনীয় কার্যতালিকা। • বিষয় নির্ভর। • গ্রেড/বয়স নির্ভর। • অতিরিক্ত ভাষা হিসেবে ইংরেজি শেখার বিশেষজ্ঞদের মধ্যে সীমাবদ্ধ • একটি নূতন কর্মসূচী। • সাংস্কৃতিকভাবে ইউরোপিয়ান ভাষার প্রতি ঝুকে পড়া।

পটভূমিকা

সাধারণ সূচকের ভিত্তি সাধারণ ইউরোপিয়ান সূচকের অবকাঠামোটি ভাষা শিক্ষাদান, শেখা এবং মূল্যায়নের উপর তিন দশকের গবেষণার পর আনুষ্ঠানিকভাবে প্রথম প্রকাশিত হয় ২০০১ সালে। ইউরোপিয়ান অবকাঠামোটির বিকাশ এবং পরিশীলিত রূপ ধারন ইউরোপিয়ান কাউন্সিল কর্তৃক নিয়োজিত ভাষাবিদ, গবেষক, বিশেষজ্ঞ এবং শিক্ষাবিদরা সহযোগিতামূলকভাবে কাজের ফসল। ইউরোপিয়ান অবকাঠামোটির একটি "আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা" আছে। এর অর্থ হচ্ছে যে সূচকের সর্বময় পরিমাপক হিসাবে এই অবকাঠামোটির বৈধতা এবং নির্ভরযোগ্যতা আছে। বর্তমানে এটি চল্লিশটিরও বেশী দেশে ব্যবহার করা হচ্ছে। জানুয়ারি ২০১০ এ কানাডার শিক্ষামন্ত্রীদের কাউন্সিল কানাডায় ভাষার সূচকের ব্যবহারিক উপায় হিসাবে ইউরোপিয়ান অবকাঠামোটি ব্যবহার করার সুপারিশ করে।

সম্পূর্ণ সাধারণ ইউরোপিয়ান সূচকের অবকাঠামোটির সর্বময় পরিমাপ ভাষার যোগ্যতাকে পারদর্শিতার তিনটি প্রশস্ত দলে এবং ছয়টি স্তরে ভাগ করে: বুনিয়াদি (ক১, ক২), স্বাবলম্বী (খ১, খ২), দক্ষ (গ১, গ২)। প্রতিটি স্তর ভাষা শেখার অগ্রগতিকে দক্ষতার পাঁচটি ক্ষেত্রে ভাগ করে বর্ণনা করে: শোনা, পরস্পরের মধ্যে কথা বলা, কথার মাধ্যমে কোন কিছু প্রদর্শন করা, পড়া এবং লিখা।

সাধারণ ইউরোপিয়ান সূচকের অবকাঠামোটির সর্বময় পরিমাপ

দক্ষ ব্যবহারকারী	গ২	যা পড়ে এবং শোনে তার প্রায় সবকিছুই অনায়াসে বুঝতে পারে। বিভিন্ন কথ্য এবং লিখিত সূত্র থেকে প্রাপ্ত তথ্যের সারমর্ম তৈরী করে, যুক্তি এবং বিবরণী সংঘবদ্ধ করে একটি সামঞ্জস্যপূর্ণ উপস্হাপনা দিতে পারে। নিজেকে তাৎক্ষণিকভাবে, সাবলীল এবং যথাযথভাবে প্রকাশ করতে পারে এমনকি জটিল পরিস্হিতিতেও অর্থের সূক্ষতর রূপের মধ্যে প্রভেদ করে।
	গ১	বিভিন্ন ধরনের জটিল, দীর্ঘ লেখা বুঝতে পারে এবং তার অন্তর্নিহিত অর্থ অনুধাবন করতে পারে। দৃশ্যত: বেশী রকম ভাবে বাক্যাংশ বা প্রকাশভঙ্গী না খুঁজে নিজেকে তাৎক্ষণিকভাবে এবং সাবলীলভাবে প্রকাশ করতে পারে। সামাজিক, লেখা-পড়া এবং পেশাদারী কাজের জন্য ভাষাকে বিভিন্নভাবে এবং কার্যকরীভাবে ব্যবহার করতে পারে। নিয়ন্ত্রিতভাবে সংঘবদ্ধ প্রকাশধরণ এবং সংলগ্নভাবে ভাবনাকে সংযুক্ত করে জটিল বিষয়ের উপরে স্পষ্ট, সুসংবদ্ধ এবং বিস্তারিত লেখা লিখতে পারে।
স্বাবলম্বী ব্যবহারকারী	খ২	সে যে বিষয়ে বিশেষজ্ঞ সে ক্ষেত্রের উপরে টেক্‌নিক্যাল্ আলোচনা সহ বাস্তবিক এবং কাল্পনিক উভয় প্রসংগের উপরে জটিল লেখার মূল ভাবনাগুলো বুঝতে পারে। একই ভাষার মানুষের সাথে এমন সাবলীল এবং তাৎক্ষণিকভাবে পারস্পরিক মতবিনিময় করতে পারে যে কোন পক্ষকেই আরেকজনকে বোঝার জন্য বেগ পেতে না হয়। বিভিন্ন ধরণের বিষয়ের উপরে স্পষ্টভাবে বিস্তারিত লিখতে পারে এবং কোন প্রসংগের উপরে তার বিভিন্ন বিকল্পের সুবিধা, অসুবিধা সমূহ বর্ণনা করে তার দৃষ্টিভঙ্গী ব্যাখ্যা করতে পারে।
	খ১	কাজে, স্কুলে, অবকাশে নিয়মিতভাবে যে সমস্ত পরিচিত বিষয়ের সামনাসামনি হতে হয় সে সংক্রান্ত করণীয় সমূহের মূল কথাগুলো বুঝতে পারে। কোন এলাকায় যেখানে এই ভাষা ব্যবহার করা হয় সেখানে ভ্রমণের সময় উদ্ভূত পরিস্হিতির প্রায় সবটাই সামলিয়ে নিতে পারে। পরিচিত বা ব্যক্তিগত উৎসাহের কোন প্রসঙ্গে যথানুক্রমিকভাবে সংযুক্ত লেখা রচনা করতে পারে। অভিজ্ঞতা, ঘটনা, স্বপ্ন, আশা, লক্ষ্য বর্ণনা করতে পারে এবং সংক্ষেপে তার মতামত এবং পরিকল্পনার কারণ ও ব্যাখ্যাদান করতে পারে।
বুনিয়াদি ব্যবহারকারী	ক২	আশু দরকারী এবং সম্পর্কিত বিষয়ের ব্যাপারে (যেমন, ব্যক্তিগত ও পারিবারিক মৌলিক তথ্যাদি, বাজার করা, স্হানীয় ভূগোল, চাকুরি) বাক্য এবং প্রচলিত বাক্যাংশ ও প্রকাশভঙ্গী বুঝতে পারে। পরিচিত ও যথানিয়মিত বিষয়ে যেখানে সাধারণ এবং সরাসরি তথ্যের আদান-প্রদান প্রয়োজন সেই সমস্ত ক্ষেত্রে বাক্য বিনিময় করতে পারে। তার নিজের সম্পর্কে, পারিপার্শিক পরিবেশ এবং আশু প্রয়োজনীয় বিষয়ে সাধারণ ভাষায় বর্ণনা দিতে পারে।
	ক১	কোন সুনির্দিষ্ট বিষয়ের প্রয়োজনে সন্তোষজনকভাবে নিত্যদিনের পরিচিত প্রকাশভঙ্গী এবং সাধারণ বাক্যাংশ ব্যবহার করতে পারে এবং বুঝতে পারে। অন্যের কাছে নিজের পরিচয় দিতে পারে এবং ব্যক্তিগত তথ্যাদি যেমন কোথায় থাক, কাকে চেন, তোমার কি আছে এগুলো জিজ্ঞেস করতে পারে এবং এদের উত্তরও দিতে পারে। কেউ ধীরে ধীরে এবং স্পষ্টভাবে কথা বল্‌লে এবং সাহায্য করতে প্রস্তুত থাকলে তার সাথে বাক্যালাপ করতে পারে।

ভাষার সাধারণ ইউরোপিয়ান সূচকের অবকাঠামো: শেখা, শিক্ষাদান, মূল্যায়ন (পৃষ্ঠা ৫)
© কাউন্সিল অব ইউরোপ